

মতবিনিময় সভায় বক্তারা বয়স্ক শিক্ষার সঙ্গে বৈষয়িক ও প্রযুক্তিগত জ্ঞানলাভ জরুরি

নিজস্ব বার্তা পরিবেশক

প্রচলিত বয়স্ক শিক্ষার সঙ্গে বৈষয়িক ও প্রযুক্তিগত জ্ঞানলাভের উপর গুরুত্বারোপের আহ্বান করেছেন শিক্ষা সংশ্লিষ্টরা। গতকাল জাতীয় প্রেসক্লাবে ইনিসিয়েটিভ ফর হিউম্যান ডেভেলপমেন্টের উদ্যোগে আয়োজিত 'স্বাক্ষরতার বিভিন্ন দিক' নিয়ে মতবিনিময় সভায় বক্তরা এ আহ্বান জানান। সভায় বক্তব্য রাখেন, ইনিসিয়েটিভ ফর হিউম্যান ডেভেলপমেন্ট-এর চেয়ারম্যান অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, গণস্বাক্ষরতা অভিযান-এর উপ-পরিচালক তপন কুমার দাশ, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক, বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক এসএমএ জলিল, বাংলাদেশ কারিগরি কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোহাম্মদ আলী চৌধুরী, সংযুক্ত শিক্ষক পরিষদের আহ্বায়ক মাহবুবুর রহমান, আহ্বায়ক, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান কর্মচারী ফেডারেশন-এর সভাপতি হাবিবুর রহমান প্রমুখ।

সভায় আয়োজক সংগঠনের চেয়ারম্যান অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ বলেন, বয়স্ক-শিক্ষা শুধু স্বরবর্ণ, ব্যঞ্জনবর্ণ কিংবা স্বাক্ষরতা শিক্ষা নয়। আয়-ব্যয়ের হিসাব, আইনের অধিকার-তথ্য প্রযুক্তি সংক্রান্ত জ্ঞান ছাড়াও বয়স্ক শিক্ষায় মানুষকে ইন্টারনেটের সঙ্গে যুক্ত করতে হবে। যাতে সে ইন্টারনেটের মাধ্যমে নিজ থেকেই শিক্ষার সঙ্গে যুক্ত হতে পারে। কাজী ফারুক আহমেদ আরও বলেন, সমাজের সুযোগ-সুবিধাবঞ্চিত শিশু ও প্রতিবন্ধীদের জন্য শিক্ষার সমান সুযোগ সৃষ্টি করতে না পারলে মানুষে মানুষে ব্যবধান আরও বেড়ে যাবে।